# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৩. সৎ কাজে পরস্পর সহযোগিতা করা

আল্লাহ সুবহানাহু তা'আলা ইরশাদ করেন

وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَىٰ ۖ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ

তাকওয়া ও নেক কাজে তোমরা পরস্পর একে অপরের সহযোগিতা করো। তবে পাপ ও সীমালংঘনমূলক কাজে পরস্পর সহযোগিতা করো না।[১]

আনাস ইবনু মালিক (রাঃ) থেকে সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

انصر أخاك ظالمًا أو مظلومًا، فقال رجل: يا رسول الله، أنصره مظلومًا فكيف انصره ظالمًا فقال: تمنعه من الظلم فذٰلك نصرك اياه

‘তোমার ভাইকে সাহায্য কর, সে যালিম (অত্যাচারী) হোক কিংবা মাযলুম (অত্যাচারিত)। এক ব্যক্তি জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলাল্লাহ! মাযলুমকে সাহায্য করার ব্যাপারটি তো বুঝলাম কিন্তু যালিমকে সাহায্য করব কিভাবে? রাসূল (সা.) বললেন, যুলম (অত্যাচার) থেকে বিরত রাখাই হচ্ছে যালিমকে সাহায্য করা।[২]

## ফুটনোট

[১]. সূরা আল মায়িদা, আয়াত : ২।

[২]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন